

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.১১.০২৭.২৪- ২৯৮

তারিখ: ২৫ জুলাই, ২০২৪

নিয়োগ আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো) এর বিভিন্ন ক্যাটাগরির শূন্য পদ পূরণসহ প্যানেল তৈরীর নিমিত্ত **বিতরণকৃত ঋণের অর্জিত সেবামূল্য হতে বেতন-ভাতা পরিশোধের শর্তে** জনবল নিয়োগের জন্য গঠিত নিয়োগ কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে প্যানেল হতে **হিসাবরক্ষক (গ্রেড-১১)** পদে সাকুল্য বেতনে (Consolidated Pay) নিম্নোক্ত শর্তে কর্মসূচির মেয়াদকালীন সম্পূর্ণ অস্থায়ীভাবে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক নং	প্রার্থীর রোল নম্বর	নাম	স্থায়ী ঠিকানা
১	১২০০০১০	সুজন রাম শীল	পিতা/স্বামী: সুধী রাম শীল গ্রাম: পাকুরগাছিয়া, ডাকঘর: জাঙ্গালিয়া, উপজেলা: বরগুনা সদর, জেলা: বরগুনা।


নিয়োগের শর্তসমূহ:

১. অর্থ বিভাগের স্মারক নং ০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-১৫ তারিখ: ১৪/০১/২০১৬ অনুযায়ী মাসিক মূল বেতন ১২৫০০.০০ (বার হাজার পাঁচশত) টাকা হিসেবে সাকুল্য বেতনভাতা বিতরণকৃত ঋণের বিপরীতে আয় থাকা স্বাপেক্ষে পরিশোধযোগ্য হবে। এছাড়া সরকার কর্তৃক এতদসংক্রান্ত বিষয়ে অন্য কোন পরিপত্র/স্মারক জারী করা হলে কর্মসূচির নীতি নির্ধারন কমিটির সুপারিশের আলোকে তা প্রযোজ্য হবে;
২. কর্মসূচিতে নিয়োজিত সকল জনবল চুক্তিকালীন সময়ে সার্বক্ষণিকভাবে কর্মসূচির কাজে নিয়োজিত থাকবে;
৩. ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ অনুযায়ী চাকুরী সংক্রান্ত যে প্রবিধানিক ব্যবস্থা রয়েছে তৎসম্পর্কীয় আচরণ বিধি এবং অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে;
৪. চুক্তিভিত্তিক নিয়োগকৃত জনবলকে কর্মসূচি পরিচালক একই কর্মসূচির আওতায় কর্মসূচিভুক্ত যে কোন স্থানে বদলী করতে পারবেন;
৫. ০১ (এক) বছর পূর্তির পূর্বে চাকুরি হতে পদত্যাগ করলে বা বিনা নোটিশে অনুপস্থিত থেকে চাকুরি ত্যাগ করলে কর্মসূচির কর্মী উন্নয়ন ও প্রশিক্ষন ব্যয়সহ বেতনভাতার অর্থ বাবদ মোট ০৬ (ছয়) মাসের বেতনভাতার সমপরিমান অর্থ জমা দিয়ে অব্যাহতির জন্য আবেদন করতে হবে;
৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে অথবা এক মাসের বেতন অগ্রীম দিয়ে যে কোন সময় এই চুক্তিপত্র বাতিল করা যাবে। তবে চুক্তিপত্র বাতিলের পূর্বে সরকারী পাওনা পরিশোধ করতে হবে;
৭. এই নিয়োগপত্রে উল্লেখ করা হয়নি এরূপ এবং অন্যান্য বিষয়ে ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ অনুসরণীয় হবে;





৮. কোন আর্থিক/দাপ্তরিক অনিয়ম প্রমাণিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি অব্যাহতি প্রদানপূর্বক প্রয়োজনে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;
৯. কর্মসূচিতে নিয়োগকৃত জনবলের দায়দেনার ক্ষেত্রে বৈধ অভিভাবক কর্তৃক কর্মসূচির নির্ধারিত নমুনা মোতাবেক ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশোধের জামিননামা দাখিল করতে হবে;
১০. নিয়োগকৃত জনবলের কর্মসূচি বাস্তবায়নকারী বিআরডিবি এর উপর চাকুরী সংক্রান্ত বিষয়ে কোন দাবি থাকবে না;
১১. কর্মসূচি চলাকালীন সময়ের জন্য এ নিয়োগ আদেশের কার্যকারিতা বহাল থাকবে। কর্মসূচি সমাপ্ত হলে এ নিয়োগ আদেশ স্বয়ংক্রিয়ভাবে সমাপ্ত হবে। এ জন্য পৃথক কোন অব্যাহতি/ছাটাই আদেশ প্রদান করা হবে না;
১২. এ নিয়োগপত্রে উপরিউল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে সংযুক্ত অঙ্গীকারনামায় স্বাক্ষরপূর্বক ০৫/০৮/২০২৪ তারিখের মধ্যে কর্মসূচি পরিচালক, ইরেসপো, বিআরডিবি বরাবর যোগদান করতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।


  
 মোহাম্মদ রাশেদুল আলম  
 কর্মসূচি পরিচালক

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.১১.০২৭.২৪-২২৮

তারিখঃ ২৫ জুলাই, ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. জনাব-----
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৪. অফিস কপি/ব্যক্তিগত নথি।

  
 ২৫/৭/২৪  
 এ, এস, এম সোলায়মান  
 উপ প্রকল্প পরিচালক

কর্মসূচির চুক্তিভিত্তিক নিয়োগের অঙ্গীকারনামা

নিয়োগপত্রে উল্লিখিত শর্তাধীনে আমি.....

পিতা/স্বামী ঃ..... অদ্য .....তারিখ

পূর্বাহ্ন হতে এ নিয়োগ গ্রহণ করতে সম্মত হলাম এবং চুক্তিভিত্তিক পদে যোগদান করলাম।

---

(সংশ্লিষ্ট কর্মচারীর স্বাক্ষর)

স্বাক্ষী ঃ

১।

২।